

# ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড

## জনসংযোগ বিভাগ

প্রধান কার্যালয় : ৪০, দিলকুশা বা/এ (৬ষ্ঠ তলা), ঢাকা

তারিখ : ৩১ মে ২০২১

### বিষয় : বিজ্ঞাপন ও ইভেন্ট ম্যানেজমেন্ট এজেন্সি তালিকাভুক্তিকরণ

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বিজ্ঞাপন ও ইভেন্ট ম্যানেজমেন্ট এজেন্সি হিসেবে তালিকাভুক্তির জন্য স্বনামধন্য, প্রতিষ্ঠিত প্রথম শ্রেণির বিজ্ঞাপনী সংস্থা ও ইভেন্ট ম্যানেজমেন্ট ফার্মের নিকট থেকে সীলমোহরকৃত খামে দরখাস্ত আহ্বান করছে :

- ১। (ক) বিজ্ঞাপন এজেন্সির জন্য: প্রথম শ্রেণীর সকল দৈনিক পত্রিকা, টিভি চ্যানেল ও রেডিও-এর সাথে অবশ্যই সুসম্পর্ক থাকতে হবে। সুসম্পর্কের প্রমাণ হিসেবে সর্বাধিক প্রচারিত ৪টি বাংলা ও ১টি ইংরেজি দৈনিকের ব্যবস্থাপনা সম্পাদক/মহাব্যবস্থাপক/বাণিজ্যিক ব্যবস্থাপক (যেখানে যে পদ সর্বোচ্চ)-এর স্বাক্ষরিত সনদপত্রের কপি প্রদান করতে হবে। নিজস্ব স্ক্রিপ্ট রাইটার, ডিজাইনার ও ক্রিয়েটিভ টিম থাকতে হবে।  
(খ) ইভেন্ট ম্যানেজমেন্ট এজেন্সির জন্য: বিভিন্ন ব্যাংক বা কর্পোরেট প্রতিষ্ঠানসমূহের ব্রান্ডিং/রি-ব্রান্ডিং ও বার্ষিক সাধারণ সভা, ব্যবস্থাপক সম্মেলন, ব্যবসায় উন্নয়ন সম্মেলন, গ্রাহক সমাবেশ, প্রোডাক্ট লঞ্চিংসহ বিভিন্ন ইভেন্ট অ্যাক্টিভেশনের কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। দেশের পাঁচ তারকা হোটেল ও প্রথম সারির কনফারেন্স হলসমূহে সভা/ সেমিনার/ সাংস্কৃতিক প্রোগ্রাম আয়োজনেরও অভিজ্ঞতা থাকতে হবে।
- ২। আবেদনের সাথে যে কোন তফসিলভুক্ত ব্যাংকের নিকট থেকে সচ্ছলতার সার্টিফিকেট দাখিল করতে হবে।
- ৩। (ক) হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।  
(খ) হালনাগাদ আয়কর ও ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেটের পূর্বানুরূপ সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।  
(গ) লিমিটেড কোম্পানির ক্ষেত্রে মেমোরেডাম, আর্টিকেলস অব এসোসিয়েশন এবং অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে পার্টনারশিপ ডিডের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ৪। এজেন্সির মালিক/পরিচালনা পরিষদ, নির্বাহী কর্মকর্তা, ক্রিয়েটিভ ও ডিজাইনারদের যোগ্যতা ও অভিজ্ঞতার সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত পেশ করতে হবে।
- ৫। এজেন্সিকে কমপক্ষে ৫ (পাঁচ) টি বহুজাতিক কোম্পানি/ ব্যাংক/ বাণিজ্যিক প্রতিষ্ঠানের সাথে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে এবং সেসব প্রতিষ্ঠানের যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষরিত সনদপত্র পেশ করতে হবে।
- ৬। এজেন্সি যে সব প্রতিষ্ঠানের বিজ্ঞাপন ও ইভেন্ট ম্যানেজমেন্ট এজেন্ট হিসেবে কাজ করেছে, সেগুলোর তালিকা পেশ করতে হবে।
- ৭। এজেন্সির প্রচারিত বিজ্ঞাপনসমূহ থেকে পত্রিকায় প্রকাশিত ৫ (পাঁচ)-টি নির্বাচিত ডিজাইনের কালার প্রিন্ট এবং টিভিতে প্রচারিত ২টি নির্বাচিত বিজ্ঞাপনের সিডি/ ডিভিডি আকারে জমা দিতে হবে। তালিকাভুক্তিকরণের ক্ষেত্রে এ ডিজাইন ও টিভিসি গুলোর মান বিবেচনা করা হবে।
- ৮। ক) ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড-এর বিজ্ঞাপন (প্রিন্ট ও ইলেকট্রনিক) ও ইভেন্ট ম্যানেজমেন্ট এজেন্ট হিসেবে প্রত্যেকটির জন্য পৃথকভাবে আবেদন করতে হবে।  
(খ) প্রতিটি আবেদনপত্রের সাথে ৫,০০০/-টাকা (পাঁচ হাজার) মাত্র 'অফেরতযোগ্য ফি' হিসেবে "ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড"-এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট প্রদান করতে হবে। কোন প্রতিষ্ঠান যদি উভয় অংশের জন্য আবেদন করে তবে তাদের ক্ষেত্রে মোট ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট প্রদান করতে হবে।
- ৯। তালিকাভুক্ত এজেন্সিসমূহকে কার্য প্রদানের ক্ষেত্রে নিম্নরূপ পদ্ধতিসমূহ অনুসরণ করা হতে পারে:  
(ক) নির্বাচিত এজেন্সিসমূহকে কাজের দক্ষতা, অভিজ্ঞতা ইত্যাদি বিবেচনা করে কাজ প্রদান করা হতে পারে। এক্ষেত্রে ব্যাংকের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।  
(খ) বিজ্ঞাপন প্রকাশ ও প্রচারের ক্ষেত্রে কমিশনের হার এবং ইভেন্ট সংক্রান্ত ক্রিয়েটিভ ও অ্যাক্টিভেশন রেট বাজার দরের সাথে সামঞ্জস্য রেখে আলোচনার ভিত্তিতে নির্ধারণ করা হবে।  
(গ) যে উপলক্ষ্যে বিজ্ঞাপন প্রচার ও ইভেন্ট আয়োজন করা হবে, সে উপলক্ষ্যকে সামনে রেখে এজেন্সিসমূহের নিকট থেকে পরিকল্পনা ও দর আহ্বান করা হতে পারে। এক্ষেত্রে লক্ষ্য করা হবে, সর্বনিম্ন ব্যয়ে সর্বাধিক ও সর্বজনগ্রাহ্য পরিকল্পনাকে কিভাবে বিবেচনা করা যায়।  
(ঘ) এজেন্সিসমূহের নিকট থেকে প্রচারের স্ক্রিপ্ট ও ডিজাইন আহ্বান করা হবে।  
(ঙ) কার্য সম্পাদনের ক্ষেত্রে ব্যাংক কর্তৃপক্ষ প্রয়োজনে ভিন্নতর পদ্ধতিও অনুসরণ করতে পারবে। এ ব্যাপারে ব্যাংক কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ১০। ব্যাংকের নির্দেশনা মোতাবেক বিজ্ঞাপন প্রকাশ বা সম্প্রচারে কিংবা ইভেন্টের অ্যাক্টিভেশনে ব্যর্থ হলে ব্যাংক সে প্রতিষ্ঠানকে কালো তালিকাভুক্ত করার অধিকার সংরক্ষণ করে।
- ১১। বিজ্ঞাপন প্রকাশ, সম্প্রচার ও ইভেন্ট অ্যাক্টিভেশনের পূর্বে ব্যাংক কখনো অগ্রিম টাকা প্রদান করবে না।
- ১২। প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র ব্যাংকের জনসংযোগ বিভাগে ১৫ জুন ২০২১, মঙ্গলবার দুপুর ১২টা পর্যন্ত গ্রহণ করা হবে।
- ১৩। যে সকল এজেন্সি ২০১৯-২০২০ ইং সালে ব্যাংকে তালিকাভুক্ত ছিল তাদেরকেও নতুনভাবে তালিকাভুক্তির জন্য সকল নিয়ম-নীতি মেনে আবেদন করতে হবে।
- ১৪। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যেকোন বা সকল আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা রাখেন।



(নজরুল ইসলাম)

ভাইস প্রেসিডেন্ট